'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 1st Semester Examination, 2024

## CC1-BENGALI

## বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) লক্ষ্মণ সেনের রাজসভার 'পঞ্চরত্ন' কারা ?

(খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটি কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন ?

(গ) 'মন্দির বাহির কঠিন কপাট।
চলইতে শঙ্কিল পঙ্কিল বাট॥'
— পদটির রচয়িতা কে ? পদটি কোন পর্যায়ের ? এখানে 'মন্দির' শব্দের অর্থ কী ?

(ঘ) মহাভারতের শ্রেষ্ঠ বাংলা অনুবাদক কে ? তাঁর কাব্যটির নাম কী ? তিনি কোন শতকের কবি ছিলেন ?

(ঙ) কবির নামসহ যে-কোনো তিনটি চৈতন্যজীবনী গ্রন্থের নাম লেখো।

(চ) ভারতচন্দ্রের উপাধি কী ছিল ? তিনি কোন শতকের কবি ছিলেন ? তাঁর লেখা বিখ্যাত কাব্যটির নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) টীকা লেখোঃ (যে-কোনো ***একটি***)
গীতগোবিন্দম্ , চন্দ্রাবতীর রামায়ণ।

(খ) কৃত্তিবাস ওঝার রামায়ণের জনপ্রিয়তার কারণ কী ?

(গ) চণ্ডীমঙ্গলের কাহিনি কয়টি খণ্ডে বিভক্ত ? যে-কোনো একটি খণ্ডের কাহিনি-বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) রামপ্রসাদ সেন শাক্ত পদাবলীর কোন পর্যায়ের শ্রেষ্ঠ কবি ? সংক্ষেপে তাঁর শ্রেষ্ঠত্ব নিরূপণ করো।

(ঙ) সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (যে-কোনো ***একটি***)
দৌলত কাজী, সৈয়দ আলাওল।

(চ) ধর্মমঙ্গলকে 'রাঢ়ের জাতীয় মহাকাব্য' বলা যায় কি ? সংক্ষেপে আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) ষোড়শ শতককে মধ্যযুগের বাংলা সাহিত্যের 'সুবর্ণ যুগ' বলা হয় কেন ? বিস্তৃত আলোচনা করো।

(খ) ভাগবতের শ্রেষ্ঠ অনুবাদক কে ? তাঁর কাব্যটির জনপ্রিয়তার কারণ ব্যাখ্যা করো।

(গ) চর্যাপদের সমাজচিত্র আলোচনা করো।

(ঘ) বাউল গানে লালন ফকিরের অবদান সম্পর্কে আলোচনা করো।

——×——